

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৮৬/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ মতিউর রহমান

পিতা- নুরুল ইসলাম

গ্রাম-১ নং কলমা

পোষ্ট-ডেইরী ফার্ম, থানা-সাভার

জেলা-ঢাকা ।।

প্রতিপক্ষ : জনাব মোঃ মাহবুব রহমান

সহকারী পরিচালক (প্রশাসন)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

কেন্দ্রীয় গো-প্রজনন দুর্ঘ খামার সাভার  
ঢাকা ।

### সিদ্ধান্তপত্র ।

(তারিখ : ১৫-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান ০২-০৩-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা  
অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কেন্দ্রীয় গো-প্রজনন দুর্ঘ খামার সাভার, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে  
চেয়ে আবেদন করেন-

১। ক) সাভার উপজেলাধীন কেন্দ্রীয় গো-প্রজনন ও দুর্ঘ খামার এ বর্তমানে কয়টি প্রকল্প

চলমান রয়েছে? প্রকল্পগুলোর নাম ও মেয়াদকাল ।

খ) চলমান প্রকল্পগুলোর শুরু থেকে চলতি অর্থ বছর পর্যন্ত বছর ভিত্তিক খাতওয়ারী  
বরাদ্দের পরিমাণ কত টাকা?

গ) চলমান প্রকল্পগুলো শুরু হওয়ার পর থেকে চলতি অর্থ বছর পর্যন্ত বরাদ্দকৃত অর্থের  
সুনির্দিষ্ট খাতওয়ারী খরচের বর্ণনা বা হিসাব ।

ঘ) অর্থ ব্যয় করার ক্ষেত্রে কোনো দরপত্র আহবান করা হয়েছে কিনা? দরপত্র আহবান করা  
হয়ে থাকলে কোন কোন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়? প্রকাশের তারিখসহ সেইসব  
পত্রিকার নাম ও প্রকাশিত বিজ্ঞপ্তির ফটোকপি। দরপত্রে অংশ নিয়ে যেসব ঠিকাদার কাজ  
পেয়েছেন সেইসব ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম, স্থান, মালিকের নাম ও মুঠোফোন নম্বর ।

ঙ) নির্মান ও সংস্কারের মেয়াদকাল ও খরচের হিসাব, ঠিকাদারী প্রতিষ্ঠান ও মালিকের নাম,  
ঠিকানা, যোগাযোগের সহজ মাধ্যমসহ সম্পূর্ণ বর্ণনা ।

চ) এআরএমপি-২ প্রকল্পের আওতায় কি কি যন্ত্র ক্রয় ও অবকাঠামো নির্মান করা হয়েছিল  
এবং হচ্ছে? সেইসব যন্ত্র, অবকাঠামো এবং প্রকল্পের বর্তমান অবস্থার বর্ণনা ।

ছ) ক্রয়কৃত মালামালের ভাড়ারের অবিকল ফটোকপি ।

২। ক) খাদ্য গুদামে বর্তমানে খাদ্যের পরিমাণ ও খাদ্য ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম, স্থান,  
মালিকের নাম ও মুঠোফোন নম্বর ।

খ) কেন্দ্রীয় গো-প্রজনন ও দুর্ঘ খামারে ছেট বড় কতগুলো ষাড় ও গাভী আছে এবং  
প্রত্যেক গাভীর জন্য প্রতিদিন কত কিলো খাদ্য বরাদ্দ আছে?

(অঃপঃদঃ)

গ) কেন্দ্রীয় গো-প্রজনন হইতে প্রতিদিন কত লিটার দুধ উৎপাদন করা হয়ে থাকে? উহা

কোন কোন প্রতিষ্ঠানে কত লিটার দুধ সরবরাহ হয়। প্রতিষ্ঠানের নাম ও মুঠো ফোন নম্বর।

ঘ) কেন্দ্রীয় গো প্রজনন ও দুঃখ খামার এ কতজন নিয়োপ্রাপ্ত ডাঃ রয়েছে এবং কতজন

সেবক সেবিকা আছেন?

ঙ) চলতি বছরের ঔষধের বরাদ্দ ও বর্ণনা এবং বরাদ্দকৃত ঔষধের সুনির্দিষ্ট খাতওয়ারী

খরচের বর্ণনা বা হিসাব।

০২। প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৩-০৩-২০১৪ তারিখে আগীল আবেদন করেন। আগীল আবেদন করার পরও প্রার্থীত তথ্য না পাওয়ায় অভিযোগকারী ০৫-০৫-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৫-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান ও প্রতিপক্ষ কেন্দ্রীয় গো-প্রজনন দুঃখ খামার সাভারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ মাহবুব রহমান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তার প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন। বর্তমানে তার কোন অভিযোগ নেই বিধায় তিনি অভিযোগটি নিষ্পত্তি করার অনুরোধ জানিয়েছেন।

০৫। কেন্দ্রীয় গো-প্রজনন দুঃখ খামার সাভারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন এবং অভিযোগটি নিষ্পত্তি করার অনুরোধ জানান।

### পর্যালোচনা।

অভিযোগকারীর লিখিতভাবে দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাতে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে তথ্যাদি সরবরাহ করা হয়েছে। অভিযোগকারী প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহারের জন্য অনুরোধ জানিয়েছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী প্রার্থীত তথ্য পেয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহার করার জন্য আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি প্রত্যাহারের অনুমতি প্রদানসহ নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(মোহাম্মদ ফারঞ্জ)

প্রধান তথ্য কমিশনার